

## প্রশাসন পরিদপ্তর

নম্বর: ৩০.৩৪.০০০০.০৯৪.০৩.০০০.২১.০৮

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭

১৩ এপ্রিল ২০২১

## প্রশাসনিক বিজ্ঞপ্তি-০৮/২০২১।


বিষয়ঃ যানবাহন বিভাগে বেতন বিভাগ-১ এ পদায়ন সংক্রান্ত।

যানবাহন বিভাগের বিভিন্ন শপের কাজসমূহ সুনির্দিষ্ট দক্ষতা নির্ভর। একজন স্টাফকে যানবাহন মেইনটেন্যান্স সংশ্লিষ্ট কাজে দক্ষ হয়ে উঠতে ৮-১০ বছরের অভিজ্ঞতা প্রয়োজন হয়ে থাকে। বদলি বা প্লেসমেন্ট করলে দক্ষ জনবলের অভাব হয়, দক্ষতার অপচয় ঘটে এবং সেবার মান হ্রাস পায়।

বিভিন্ন পরিদপ্তর হতে বেতনক্রম-১ এর বিভিন্ন পদের (এমএলএসএস, ট্রাফিক হেলপার, বার্তাবাহক, ক্লিনার, আয়া ইত্যাদি) কর্মচারীগণকে "ওয়ার্কশপ হেলপার" হিসেবে যানবাহন বিভাগে পদায়ন/বদলির ক্ষেত্রে তাঁদের পূর্ব পদের নাম যাই থাকুক না কেন সংশ্লিষ্ট পদায়ন/বদলি আদেশে তাঁদের বদলিকৃত পদের নাম "ওয়ার্কশপ হেলপার" হিসেবে উল্লেখ করতে হবে। মহাব্যবস্থাপক যানবাহন-এর সম্মতি ব্যতিত যানবাহন বিভাগে পদায়ন/বদলিকৃত ওয়ার্কশপ হেলপারদের সেন্ট্রাল এডমিন থেকে অন্যত্র বদলি করা যাবে না এবং যানবাহন বিভাগের কাজের সুবিধার্থে মহাব্যবস্থাপক যানবাহন তাঁর অধীনস্থ কর্মচারীদের অভ্যন্তরীণ পদায়ন করতে পারবেন।

ভবিষ্যতে কর্তৃপক্ষ কর্তৃক যানবাহন বিভাগের বিভিন্ন শপের বেতন বিভাগ-১ এর অন্যান্য শূন্য পদ নিয়োগ/ পদায়ন/বদলির মাধ্যমে পূরণের ক্ষেত্রেও উপর্যুক্ত নীতি একইভাবে প্রযোজ্য হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।



১৬-৪-২০২১

জিয়াউদ্দীন আহমেদ

পরিচালক প্রশাসন


নম্বর: ৩০.৩৪.০০০০.০৯৪.০৩.০০০.২১.০৮/১(১২৮)

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭

১৩ এপ্রিল ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) পরিচালক (সকল)।
- ২) মহাব্যবস্থাপক (সকল)/অধ্যক্ষ, বিএটিসি/চিফ অফ ট্রেনিং/চিফ অফ টেকনিক্যাল/চিফ অফ ফ্লাইট সেফটি/চিফ অফ সিডিউলিং এন্ড প্ল্যানিং/প্রধান প্রকৌশলী (সকল)/কোম্পানি সেক্রেটারি/প্রধান চিকিৎসক।
- ৩) সকল উপ-মহাব্যবস্থাপক/উপ-প্রধান প্রকৌশলী/প্রধান প্রশিক্ষক।
- ৪) সকল ব্যবস্থাপক ও সমপদ মর্যাদা
- ৫) ব্যবস্থাপনা পরিচালক-এর ব্যবস্থাপক সমন্বয় -ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬) ইনচার্জ (সকল) প্রশাসনিক সেল-সংশ্লিষ্ট দপ্তর/বিভাগ/উপ-বিভাগ/শাখাকে অবহিতকরণপূর্বক সংরক্ষণের জন্য।
- ৭) নোটিশ বোর্ড।



১৬-৪-২০২১  
জিয়াউদ্দীন আহমেদ  
পরিচালক প্রশাসন